রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

প্রজ্ঞাপন

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/১৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৮৯-আইন/২০১৮/৮০৩মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ঞ) এর প্রান্তস্থিত দাঁড়ি ( । ) চিহ্নের পরিবর্তে সেমিকোলন (;) চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ট) ও (ঠ) সংযোজিত হইবে, যথা :—

"(ট) "বৃদ্ধিকারী সমন্বয়" (Increasing Adjustment) অর্থ নিম্নবর্ণিত কোন বৃদ্ধিকারী সমন্বয়, যথা:—

(১) উৎসে কর্তিত করের বৃদ্ধিকারী সমন্বয়;

(২) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়নের ফলে বৃদ্ধিকারী সমন্বয়;

(৩) আইনের ধারা ৯ এ বর্ণিত সীমার উর্ধ্বের সরবরাহের ক্ষেত্রে ব্যাংকিং চ্যানেলে অর্থ পরিশোধ না করিবার ফলে বৃদ্ধিকারী সমন্বয়;

(৪) ব্যক্তিগত উদ্দেশ্যে ব্যবহৃত (private use) পণ্যের ক্ষেত্রে বৃদ্ধিকারী সমন্বয়;

(৫) নিবন্ধিত হওয়ার পর বৃদ্ধিকারী সমন্বয়;



মূল্য ঃ টাকা ১২.০০

(৬) নিবন্ধন বাতিলের কারণে বৃদ্ধিকারী সমন্বয়;

(৭) মূসক হার পরিবর্তিত হওয়ার কারণে বৃদ্ধিকারী সমন্বয়;

(৮) সুদ, জরিমানা, অর্থদণ্ড, ফি ইত্যাদি পরিশোধ সংক্রান্ত বৃদ্ধিকারী সমন্বয়; বা

(৯) নির্ধারিত অন্য কোন বৃদ্ধিকারী সমন্বয়;

(ঠ) "হ্রাসকারী সমন্বয়" (Decreasing Adjustment) অর্থ নিম্নবর্ণিত কোন হ্রাসকারী সমন্বয়, যথা:—

(১) অগ্রীম বাণিজ্যিক মূসক হিসাবে পরিশোধিত অর্থের হ্রাসকারী সমন্বয়;

(২) উৎসে কর্তিত করের হ্রাসকারী সমন্বয়;

(৩) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়নের ফলে প্রযোজ্য হ্রাসকারী সমন্বয়;

(৪) নিবন্ধিত হওয়ার পর হ্রাসকারী সমন্বয়;

(৫) পুনঃবিক্রয়ের নিমিত্ত ক্রয়কৃত সেকেন্ড-হ্যান্ড পণ্যের ক্ষেত্রে হ্রাসকারী সমন্বয়;

(৬) বীমাপত্রের অধীন বীমা কোম্পানি কর্তৃক ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে হ্রাসকারী সমন্বয়;

(৭) লটারী, লাকী ড্র, র‍্যাফেল বা অনুরূপ উদ্যোগের নিমিত্ত প্রদত্ত অর্থনৈতিক পুরস্কারের ক্ষেত্রে হ্রাসকারী সমন্বয়;

(৮) মূসক হার হ্রাস পাওয়ার ক্ষেত্রে হ্রাসকারী সমন্বয়;

(৯) সম্পূরক শুল্ক ফেরত প্রদান সংক্রান্ত হ্রাসকারী সমন্বয়;

(১০) পূর্ববতী করমেয়াদ হইতে নেতিবাচক অর্থের পরিমাণ জের টানিবার নিমিত্ত হ্রাসকারী সমন্বয়;

(১১) পূর্ববর্তী কর মেয়াদে অতিরিক্ত পরিশোধিত মূসক হ্রাসকারী সমন্বয়; বা

(১২) নির্ধারিত অন্য কোন হ্রাসকারী সমন্বয়।";

(২) ফরম—

(ক) "মূসক-৪" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-৪" প্রতিস্থাপিত হইবে, যথা:—

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

টার্নওভার কর দাখিলপত্র

মূসক-৪

[বিধি ৪ এর উপ-বিধি (৪) ও উপ-বিধি (৫) দ্রষ্টব্য]

| অংশ-১: করদাতার তথ্য | | |
|---|---|---|
| (১) করদাতার নাম | : | |
| (২) ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (ই-বিআইএন) | : | |

| অংশ-২: দাখিলপত্র জমার তথ্য | | |
|---|---|---|
| (১) কর মেয়াদ | : | ত্রৈমাস / বৎসর |
| (২) বিগত করমেয়াদে কোনো কার্যক্রম সম্পাদিত হইয়াছে কি? | : | ☐ হ্যাঁ ☐ না<br>[যদি 'না' হয় তাহা হইলে অংশ-১, ২ এবং ৭ পূরণ করুন] |
| (৩) পেশের তারিখ[১] | : | |

[১]অনলাইনে দাখিলের ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে এবং ডাক বা সরাসরি দাখিলের ক্ষেত্রে গ্রহণের তারিখ দাখিলপত্র জমার তারিখ হিসাবে বিবেচিত হইবে।

| | | D | D | / | M | M | / | Y | Y | Y | Y |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

**অংশ-৩: বিক্রয় তথ্য**

| আইটেম | | নোট | মূল্য (ক) | হার (খ) | টার্নওভার কর (গ) |
|---|---|---|---|---|---|
| শূন্যহার বিশিষ্ট বিক্রয় | প্রচ্ছন্ন রপ্তানি | ১ | | ০% | |
| | সরাসরি রপ্তানি | ২ | | ০% | |
| অব্যাহতিপ্রাপ্ত বিক্রয় | | ৩ | | - | |
| আদর্শ হারের বিক্রয় | | ৪ | | ৪% | |
| মোট টার্নওভার কর (৪গ) | | ৫ | | | |

**অংশ-৪: নীট প্রদেয় কর হিসাব**

| আইটেম | নোট | টার্নওভার কর/মূল্য |
|---|---|---|
| মোট টার্নওভার কর [৫] | ৬ | |
| মোট হ্রাসকারী সমন্বয় (বর্তমান করমেয়াদ) | ৭ | |
| অন্যকোনো বৃদ্ধিকারী সমন্বয় | ৮ | |
| অন্যকোনো হ্রাসকারী সমন্বয় | ৯ | |
| পূর্ববর্তী করমেয়াদ হইতে আনীত ঋণাত্মক জের | ১০ | |
| বর্তমান করমেয়াদের জন্য মোট প্রদেয় টার্নওভার কর (৬-৭+৮-৯-১০) | ১১ | |
| শূন্যহার বিশিষ্ট আমদানি (মোট মূল্য) | ১২ | |
| শূন্যহার বিশিষ্ট ক্রয় (মোট মূল্য) | ১৩ | |
| অগ্রীম মূল্য সংযোজন কর | ১৪ | |
| আবগারি শুল্ক | ১৫ | |
| সারচার্জ | ১৬ | |

**অংশ-৫: কর পরিশোধের তফসিল**

| আইটেম | নোট | অর্থনৈতিক কোড | পরিমাণ |
|---|---|---|---|
| মোট কর (১১-১৪) | ১৭ | ১/১১৩৩/অপারেশনাল কোড/০৩১৩ | |
| আবগারি শুল্ক | ১৮ | ১/১১৩৩/অপারেশনাল কোড/০৬০১ | |
| সারচার্জ | ১৯ | ১/১১৩৩/অপারেশনাল কোড/২২১৪ | |

**অংশ-৬: ঋণাত্মক নীট অর্থ জের টানা**

| | | | | |
|---|---|---|---|---|
| ঋণাত্মক জের | ২০ | | | |

**অংশ-৭: ঘোষণা**

| আমি ঘোষণা করিতেছি যে, এই দাখিলপত্রে প্রদত্ত তথ্য সর্বতোভাবে সম্পূর্ণ, সত্য ও নির্ভুল। | | |
|---|---|---|
| নাম | | |
| পদবি | | |
| তারিখ | | |
| মোবাইল নম্বর | | |
| ইমেইল | | |
| | | স্বাক্ষর |

কাগুজে দাখিলপত্র পেশের ক্ষেত্রে সংশ্লিষ্ট মূসক দপ্তরের প্রাপ্তিস্বীকার সংক্রান্ত সীল

(স্বয়ংক্রীয় তারিখসম্পন্ন সীল ব্যবহার করিতে হইবে)

"গৃহীত হইল

গ্রহণের তারিখ : .............................

গ্রহণকারীর নাম ও পদবি : ...........................

দপ্তর : ..........................." ";

(খ) "মূসক-১৯" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১৯" প্রতিস্থাপিত হইবে, যথা:—

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**

**মূল্য সংযোজন কর দাখিলপত্র** **মূসক-১৯**

[বিধি ২৪ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

| **অংশ-১ : করদাতার তথ্য** | | |
|---|---|---|
| (১) করদাতার নাম | : | |
| (২) ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (ই-বিআইএন) | : | |

| **অংশ-২ : দাখিলপত্র জমার তথ্য** | | |
|---|---|---|
| (১) কর মেয়াদ | : | মাস / বৎসর |
| (২) বিগত করমেয়াদে কোনো কার্যক্রম সম্পাদিত হইয়াছে কি? | : | ☐ হ্যাঁ ☐ না<br>[যদি 'না' হয় তাহা হইলে অংশ-১, ২ এবং ১০ পূরণ করুন] |
| (৩) পেশের তারিখ [২] | : | D D / M M / Y Y Y Y |

[২] অনলাইনে দাখিলের ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে এবং ডাক বা সরাসরি দাখিলের ক্ষেত্রে গ্রহণের তারিখ দাখিলপত্র পেশের তারিখ হিসাবে বিবেচিত হইবে।

| অংশ-৩ : সরবরাহ প্রদান-প্রদেয় কর | | | | | |
|---|---|---|---|---|---|
| সরবরাহের প্রকৃতি | | নোট | মূল্য (ক) | মূসক (খ) | এসডি (গ) |
| শূন্যহার বিশিষ্ট সরবরাহ | প্রচ্ছন্ন রপ্তানি | ১ | | | |
| | সরাসরি রপ্তানি | ২ | | | |
| অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ | | ৩ | | | |
| আদর্শ হারের সরবরাহ | | ৪ | | | |
| আইনের ধারা ৫(৩) এর অধীন সরবরাহ | | ৫ | | | |
| আদর্শ হার ব্যতীত অন্যান্য মূসকযোগ্য সরবরাহ | | ৬ | | | |
| মোট প্রদেয় কর (৪খ+৪গ+৫খ+৫গ+৬খ+৬ঘ) | | ৭ | | | |

| অংশ-৪ : ক্রয় - উপকরণ কর | | | | |
|---|---|---|---|---|
| ক্রয়ের প্রকৃতি | | নোট | মূল্য (ক) | মূসক (খ) |
| অব্যাহতিপ্রাপ্ত ক্রয় | সরবরাহ | ৮ | | |
| | আমদানি | ৯ | | |
| শূন্যহার বিশিষ্ট ক্রয় | সরবরাহ | ১০ | | |
| | আমদানি | ১১ | | |
| আদর্শ হারের ক্রয় | সরবরাহ | ১২ | | |
| | আমদানি | ১৩ | | |
| আংশিক রেয়াত প্রযোজ্য এমন ক্রয় | সরবরাহ | ১৪ | | |
| রেয়াতযোগ্য নয় এমন মূসকযোগ্য ক্রয় | সরবরাহ | ১৫ | | |
| মোট উপকরণ কর (১২খ+১৩খ+১৪খ) | | ১৬ | | |

| অংশ-৫ : বৃদ্ধিকারী সমন্বয় | | |
|---|---|---|
| সমন্বয় ঘটনা | নোট | পরিমাণ (কর) |
| সরবরাহকারীর সরবরাহ হইতে উৎসে কর্তনের জন্য | ১৭ | |
| ব্যাংকিং চ্যানেলে মূল্য পরিশোধিত হয় নাই এমন সরবরাহের জন্য | ১৮ | |
| ক্রয়ের মূল্য বা পরিমাণ পরিবর্তন বা তাহা বাতিলের জন্য | ১৯ | |
| অন্যকোনো সমন্বয় ঘটনার জন্য | ২০ | |
| মোট বৃদ্ধিকারী সমন্বয় (১৭+১৮+১৯+২০) | ২১ | |

| অংশ-৬ : হ্রাসকারী সমন্বয় | | |
|---|---|---|
| **সমন্বয় ঘটনা** | **নোট** | **পরিমাণ (কর)** |
| প্রদত্ত সরবরাহ হইতে উৎসে কর্তনের জন্য | ২২ | |
| বিক্রয়ের মূল্য বা পরিমাণ পরিবর্তন বা তাহা বাতিলের জন্য | ২৩ | |
| সম্পূরক শুল্কের জন্য | ২৪ | |
| অন্যকোনো সমন্বয় ঘটনার জন্য | ২৫ | |
| **মোট হ্রাসকারী সমন্বয় (২২+২৩+২৪+২৫)** | ২৬ | |

| অংশ-৭ : নীট কর হিসাব | | |
|---|---|---|
| **আইটেম** | **নোট** | **পরিমাণ (কর)** |
| বর্তমান করমেয়াদে প্রদেয় মোট মূসক ও সম্পূরক শুল্ক (৭-১৬+২১-২৬) | ২৭ | |
| অগ্রীম মূল্য সংযোজন কর | ২৮ | |
| পূর্ববর্তী করমেয়াদ হইতে আনীত ঋণাত্মক জের | ২৯ | |
| আবগারি শুল্ক | ৩০ | |
| সারচার্জ | ৩১ | |

| অংশ-৮ : কর পরিশোধের তফসিল | | | |
|---|---|---|---|
| **আইটেম** | **নোট** | **অর্থনৈতিক কোড** | **পরিমাণ (টাকা)** |
| মোট কর (২৭-২৮-২৯) | ৩২ | ১/১১৩৩/অপারেশনাল কোড/০৩১১ | |
| আবগারি শুল্ক (৩০) | ৩৩ | ১/১১৩৩/অপারেশনাল কোড/০৬০১ | |
| সারচার্জ (৩১) | ৩৪ | ১/১১৩৩/অপারেশনাল কোড/২২১৪ | |

| অংশ-৯ : ঋণাত্মক নীট অর্থ জের টানা | | |
|---|---|---|
| ঋণাত্মক জের [৩২] | ৩৫ | |

| অংশ-১০ : ঘোষণা | | |
|---|---|---|
| আমি ঘোষণা করিতেছি যে, এই দাখিলপত্রে প্রদত্ত তথ্য সর্বোতভাবে সম্পূর্ণ, সত্য ও নির্ভুল। | | |
| নাম | | |
| পদবি | | |
| তারিখ | | |
| মোবাইল নম্বর | | |
| ইমেইল | | |
| | | স্বাক্ষর |

| |
|---|
| কাগুজে দাখিলপত্র পেশের ক্ষেত্রে সংশ্লিষ্ট মূসক দপ্তরের প্রাপ্তিস্বীকার সংক্রান্ত সীল<br>(স্বয়ংক্রীয় তারিখসম্পন্ন সীল ব্যবহার করিতে হইবে)<br>"গৃহীত হইল<br>গ্রহণের তারিখ : .............................<br>গ্রহণকারীর নাম ও পদবি : ............................<br>দপ্তর : ............................" |

"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি**
চেয়ারম্যান।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ক্র/ নং | ধারা | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | | | সংক্রান্ত মাঠ পর্যায়ের সমস্যা দূরীভূত হবে। |
| ৩. | ধারা ১৫ এর উপ-ধারা (১) | সংশোধন | নিবন্ধন প্রক্রিয়া আরো সহজীকরণের নিমিত্তে ধারা ১৫ এ নিম্নরূপ সংশোধন করা হয়েছে।<br>(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "যে কোন পণ্যের আমদানিকারক বা যে কোন পণ্য বা সেবার" শব্দগুলির পরিবর্তে "যে কোন পণ্য বা সেবার আমদানিকারক বা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(খ) উপ-ধারা (২) এর-<br>(অ) প্রথম শর্তাংশ বিলুপ্ত হইবে; এবং<br>(আ) দ্বিতীয় শর্তাংশের "আরও" শব্দটির পরিবর্তে "তবে" শব্দটি প্রতিস্থাপিত হইবে।<br>এতে করে প্রতিষ্ঠানের নিবন্ধন প্রক্রিয়া আরো সহজতর হয়ে যাবে। |
| ৪. | ধারা ২৪ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) | সংযোজন | মূসক কর্মকর্তাদের সহায়তা প্রাপ্তির ক্ষেত্র আরো সম্প্রসারণের নিমিত্তে ধারা ২৪ এ নিম্নরূপ সংশোধন আনা হয়েছে।<br>ধারা ২৪ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) এ উল্লিখিত "সকল ব্যাংক" শব্দগুলির পর ", নন ব্যাংকিং ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন, স্টক এক্সচেঞ্জ, সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি, অডিট এন্ড একাউন্টিং ফার্ম এবং ক্রেডিট রেটিং এজেন্সি এর" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশ করা হয়েছে। এর ফলে মাঠ পর্যায়ে মূসক কর্মকর্তাদের তথ্য প্রাপ্তি সহজ হবে এবং আইনানুগ রাজস্ব আদায় করা সম্ভব হবে। |
| ৫. | ধারা ২৬খ এর উপ-ধারা (৫) | সংশোধন | প্রতিষ্ঠানে নজরদারী ও কাঙ্ক্ষিত ফাঁকিরোধ করার লক্ষ্যে ধারা ২৬খ এর উপ-ধারা (৫) এ উল্লিখিত "এই ধারার বিধান কার্যকর করার" শব্দগুলির পরিবর্তে "উপ-ধারা (৩) ও (৪) এর অধীন কর নির্ধারণের" শব্দগুলি, হাইফেন, বন্ধনীগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত করা হয়েছে। এর ফলে তত্ত্বাবধানাধীন সরবরাহ,পর্যবেক্ষণ ও নজরদারী সংক্রান্ত কার্যক্রম সম্পাদন সহজ হবে। |